১০ বছরে আরটিভি

বিশেষ ক্রোড়পত্র

১২ পৌষ, ১৪২১ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর, ২০১৪ খ্রিস্টাব্দ

Rtv
আজ এবং আগামীর

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা।

১২ পৌষ ১৪২১
২৬ ডিসেম্বর ২০১৪

বাণী

ন্যাশনাল টেলিভিশন লিমিটেডের (আরটিভি) দশম বর্ষে পদার্পণের এই শুভক্ষণে আমি প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদ, কলাকুশলী, সংবাদকর্মীসহ সংশ্লিষ্ট সবাইকে জানাই আমার আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা।

গণতন্ত্রের বিকাশসহ জনগণের আশা-আকাঙ্ক্ষা পূরণে গণমাধ্যমের ভূমিকা অপরিসীম। গণমাধ্যম কেবল সংবাদ ও বিনোদনমূলক অনুষ্ঠানই প্রচার করে না, দেশের বিভিন্ন প্রান্তে সরকার ও জনগণের মধ্যে সেতুবন্ধ হিসেবে কাজ করে। চলমান ঘটনা জনসম্মুখে তুলে ধরে জনমত সৃষ্টিতেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। আমি মনে করি অবাধ তথ্যপ্রবাহের যুগে দেশ ও জনগণের প্রতি দায়বদ্ধ থেকে দেশের গণমাধ্যমসমূহ বাঙালি সংস্কৃতি, আমাদের গৌরবময় ইতিহাসসহ মহান মুক্তিযুদ্ধের চেতনা নতুন প্রজন্মের মধ্যে তুলে ধরতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

আমি ন্যাশনাল টেলিভেশন লিমিটেড (আরটিভি)-এর উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১২ পৌষ ১৪২১
২৬ ডিসেম্বর ২০১৪

বাণী

বেসরকারি টেলিভিশন চ্যানেল আরটিভি দশম বর্ষে পদার্পণ করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে আমি এই চ্যানেলের পরিচালনা পর্ষদ, সাংবাদিক, কলাকুশলী ও কর্মকর্তা-কর্মচারিসহ সকলকে আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি।

বাংলাদেশ আওয়ামী লীগ যখনই সরকার গঠন করেছে তখনই দেশে গণমাধ্যমের বিকাশ ঘটেছে। ১৯৯৬-২০০১ মেয়াদে আমরাই প্রথম দেশে বেসরকারি স্যাটেলাইট টেলিভিশনের অনুমোদন দেই। যা ছিল দেশে গণমাধ্যম বিকাশে এক যুগান্তকারী পদক্ষেপ। আমরা গত ছয় বছরে ৩১টি নতুন বেসরকারি টিভি চ্যানেলের অনুমোদন দিয়েছি। সরকারি বেসরকারি মিলিয়ে এখন ২৬টি টিভি চ্যানেল সম্প্রচার কার্যক্রম পরিচালনা করছে।

আমরা তথ্য অধিকার আইন-২০০৯ এবং তথ্য কমিশন প্রতিষ্ঠা করেছি। জাতীয় সম্প্রচার নীতিমালা-২০১৪ এবং সাংবাদিক সহায়তা ভাতা/অনুদান নীতিমালা-২০১২ প্রণয়ন করেছি। বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট আইন-২০১৪ জাতীয় সংসদে পাশ করেছি। আকাশ সংস্কৃতির সুষ্ঠু ব্যবস্থাপনায় আমরা ক্যাবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা ও লাইসেন্সিং বিধিমালা-২০১০ প্রণয়ন করেছি। তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করা হয়েছে। সুস্থ বিনোদনের পথ সুগম হয়েছে। দেশের গণমাধ্যম এখন পূর্ণ স্বাধীনতা ভোগ করছে।

দেশের গণমাধ্যম সঠিক তথ্য পরিবেশন ও দায়িত্বশীল আচরণের মাধ্যমে গণতন্ত্র বিকাশে ভূমিকা রাখবে - এটাই জনগণের প্রত্যাশা।

আমি আশা করি, আরটিভি বস্তুনিষ্ঠ সংবাদ ও রুচিশীল অনুষ্ঠান প্রচারের মাধ্যমে আবহমান বাঙালি সংস্কৃতি, ইতিহাস, ঐতিহ্য ও মহান মুক্তিযুদ্ধের চেতনাকে সমুন্নত রাখবে। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়ায় অবদান রাখবে।

আমি আরটিভি'র উত্তরোত্তর সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা

ড. শিরীন শারমিন চৌধুরী এমপি
স্পীকার
বাংলাদেশ জাতীয় সংসদ

বাণী

ন্যাশনাল টেলিভিশন লিমিটেড (আরটিভি) আগামী ২৬ ডিসেম্বর ২০১৪ তারিখে দশম বর্ষে পদার্পণ করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদ, সংবাদকর্মী, কলাকুশলীসহ সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণকে আমি আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি।

বাংলাদেশে বেসরকারি টেলিভিশনের মধ্যে একটা চমৎকার প্রতিযোগিতা বিরাজমান। প্রতিটি চ্যানেল তাদের অনুষ্ঠানমালার মান উত্তরোত্তর সমৃদ্ধির মধ্য দিয়ে এগিয়ে চলেছে। তথ্য প্রবাহের সুযোগকে কাজে লাগিয়ে গণমাধ্যমগুলো জাতির মনন গঠন ও আবহমান সংস্কৃতির বিকাশ সাধনে নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় আরটিভি তাদের অব্যাহত প্রচেষ্টার মাধ্যমে অনুষ্ঠান নির্মাণ ও সংবাদ পরিবেশনার মান আরো উন্নত করতে সক্ষম হয়েছে।

বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনা ও নতুন নতুন অনুষ্ঠান প্রচারের মাধ্যমে আরটিভি বিশ্বের বাংলাভাষী দর্শকদের প্রত্যাশা পূরণ করুক - দশম বর্ষে পদার্পণের ক্ষণে এটাই সকলের প্রত্যাশা।

আগামী দিনে আরটিভি'র চলার পথ সুন্দর ও সার্থক হোক - এ কামনা করি।

ড. শিরীন শারমিন চৌধুরী, এমপি

হাসানুল হক ইনু এমপি
মন্ত্রী
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

ন্যাশনাল টেলিভিশন লিমিটেড-আরটিভি বাঙালি দর্শকদের ভালবাসায় সিক্ত হয়ে দশম বর্ষে পদার্পণ করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। প্রতিষ্ঠানটির সুযোগ্য পরিচালনা পর্ষদ, সংবাদকর্মী, কলাকুশলীসহ সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে আমি আন্তরিক অভিনন্দন জানাই।

বর্তমানে বাংলাদেশে বেসরকারি স্যাটেলাইট টেলিভিশনসমূহের প্রতিযোগিতার মধ্যে আরটিভি একটি নিজস্ব পরিচিতি তুলে ধরতে পেরেছে তার সংবাদ পরিবেশনের নিরপেক্ষতা ও আকর্ষণীয়-তথ্যবহুল অনুষ্ঠান সম্প্রচারের মধ্য দিয়ে।

আবহমান বাঙালি সংস্কৃতি, ইতিহাস, ঐতিহ্য ও মহান মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে আরটিভি নিরবচ্ছিন্ন অনুষ্ঠান প্রচার অব্যাহত রেখে দর্শকদের কাছে নিজের অবস্থান দৃঢ়তর করতে সক্ষম হোক, সেই প্রত্যাশা করি।

এই শুভক্ষণে আমি আরটিভির সাফল্য কামনা করি।

বাংলাদেশ চিরজীবী হোক।

১৭.১১.২০১৪
হাসানুল হক ইনু এমপি

মোরশেদ আলম এমপি
চেয়ারম্যান
ন্যাশনাল টেলিভিশন লিমিটেড (আরটিভি)

শুভেচ্ছা

'আজ এবং আগামীর' স্লোগানকে ধারণ করে ন্যাশনাল টেলিভিশন লিমিটেড-আরটিভি আজ দশম বর্ষে পদার্পণ করলো। এই মাহেন্দ্রক্ষণে আমি আরটিভির সম্মানীত দর্শকবৃন্দ, পরিচালনা পর্ষদ, সংবাদকর্মী, অনুষ্ঠান নির্মাতা, কলাকুশলী, কেবল অপারেটর, বিজ্ঞাপনদাতা, দেশ-বিদেশের শুভানুধ্যায়ীসহ আরটিভির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে জানাই আমার আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা।

আরটিভি নির্মিত প্রতিটি অনুষ্ঠানে থাকে আধুনিকতা, যুগোপযোগি ও প্রগতিশীল চিন্তার প্রসার এবং সংবাদ পরিবেশনায় থাকে বস্তুনিষ্ঠতা। মুক্তিযুদ্ধের চেতনাসহ বাঙালির হাজার বছরের সাংস্কৃতিক ঐতিহ্য, ইতিহাসকে কেন্দ্রবিন্দুতে রেখে আরটিভি তার কার্যক্রম পরিচালনা করে থাকে।

এই সংগ্রামবহুল পথচলায় আমরা সবসময় সকলস্তরের শুভানুধ্যায়ী ও বিভিন্ন প্রতিষ্ঠানের আকুণ্ঠ সমর্থন পেয়েছি – সেজন্য আমরা তাদের প্রতি কৃতজ্ঞ।

আরটিভির দশম বর্ষে পদার্পণের শুভক্ষণে আমরা প্রত্যাশা করবো, আপনারা আরটিভির সাথে থাকুন। আমরা চেষ্টা করবো আপনাদের প্রিয় সঙ্গী হতে।

মোরশেদ আলম এমপি

আসাদুজ্জামান নূর, এমপি
মন্ত্রী
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

ন্যাশনাল টেলিভিশন লিমিটেড (আরটিভি) ১০ম বর্ষে পদার্পণ করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এ শুভক্ষণে প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদ, সংবাদকর্মী, কলাকুশলীসহ সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

আরটিভি দর্শকনন্দিত টিভি চ্যানেল। প্রতিষ্ঠালগ্ন থেকে আরটিভি দর্শকদের চাহিদা অনুযায়ী মানসম্পন্ন অনুষ্ঠানমালা নির্মাণ ও প্রচার করে আসছে। বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের মাধ্যমে চ্যানেলটি জনগণের আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে। 'আজ এবং আগামীর' এ মন্ত্রে দীক্ষিত হয়ে এদেশের সহস্রাব্দপ্রাচীন ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি ও সংস্কৃতিকে ধারণ করে মহান মুক্তিযুদ্ধের চেতনায় একটি সুখী-সমৃদ্ধ বাংলাদেশ গড়তে আরটিভি'র অগ্রযাত্রা আরও বেগবান হোক, এ প্রত্যাশা করি।

আরটিভি'র ১০ম বর্ষে পদার্পণ উপলক্ষে 'স্মরণিকা' প্রকাশসহ গৃহীত সকল কার্যক্রমের সর্বমাত্রিক সাফল্য কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

আসাদুজ্জামান নূর, এমপি
১৭.১১.১৪

আরটিভিকে অভিনন্দন

মুস্তাফা মনোয়ার
আরটিভিকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। তারা নয় বছর পূর্ণ করল। নয় বছর কম কথা নয়। বহু রকম অনুষ্ঠান সাজিয়ে তারপরে দশ বছর। অনেক চ্যানেল হয়েছে কিন্তু আরটিভি তাদের নিজেদের স্বকীয়তা বজায় রেখেছে। তারা ক্রমাগত ভালোর দিকে যাচ্ছে এবং ভালো অনুষ্ঠানের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এটা আমাদের জন্য খুব একটি সুখবর। তবে চ্যানেলে যেটা হয়, প্রায় একরকম অনুষ্ঠান হয়ে যায় সকলেরই। কারণ, আমাদের রিসোর্স কম, শিল্পী হয়ত অতটা নেই কিংবা সবকিছু মিলিয়ে বলছি, এতগুলো চ্যানেল চালানো কঠিন। তবুও যে কষ্ট করে এই দশ বছর সঠিক পথে আরটিভি চলেছে, সেজন্য আমরা অত্যন্ত আনন্দিত এবং গর্বিত।

আবদুল্লাহ্ আবু সায়ীদ
আরটিভি নয় বছর অতিক্রম করে দশ বছরে পা দিল সেজন্য আরটিভিকে আন্তরিক শুভেচ্ছা। আমার এক এক সময় মনে হয়, আমাদের টিভি চ্যানেলগুলোর মান সত্যই কিছুটা কমে যাচ্ছে। যেমন ভাল অনুষ্ঠান, উজ্জ্বল অনুষ্ঠান বা অসাধারণ অনুষ্ঠান আমার কটাই বা দেখতে পাচ্ছি? আমাদের এখান থেকে বেরিয়ে যেতে হবে। এটা না হলে আমাদের টিভি আস্তে আস্তে দর্শক হারিয়ে ফেলবে। আরটিভি অনেক দিন ধরে বেশ ভালো মানের অনুষ্ঠান উপহার দিচ্ছে। আমি আশা করবো, তারা এই অনুষ্ঠানের মানকে আরও বাড়াতে চেষ্টা করবেন।

ড. আ আ ম স আরেফিন সিদ্দিক
বিগত বছরগুলোতে আরটিভি যেভাবে সাধারণ মানুষের তথ্য ও বিনোদনের চাহিদা পূরণ করেছে, আগামী বছরগুলোতেও ঠিক একইভাবে এই সেবা প্রদান অব্যাহত রাখবে এই প্রত্যাশা করি। আজকের যুগ সম্প্রচার ও তথ্য প্রযুক্তির যুগ। সম্প্রচার প্রযুক্তিই আজকের পৃথিবীকে বিশ্বপল্লীতে রূপান্তরিত করেছে। বাংলাদেশের সম্প্রচার জগত ক্রমশ সম্প্রসারিত হচ্ছে। আরটিভি আমাদের সম্প্রচার জগতে এক উজ্জ্বল নক্ষত্র। আমি আরটিভি'র উত্তরোত্তর সাফল্য ও সমৃদ্ধি কামনা করি।

কামাল লোহানী
আরটিভি নবম থেকে দশম বছরে পদার্পণ করছে, এটা অবশ্যই যেকোন দর্শক-শ্রোতার জন্যে আনন্দের ব্যাপার। বিশেষ করে আনন্দের এই জন্য, আরটিভি অনেক ঘাত-প্রতিঘাতের মধ্য দিয়ে নিজেদের অস্তিত্বটাকে জনগণের কাছে পৌঁছে দিতে পেরেছে। দু-দুবার আগুন লেগেছে। তার ভিতর থেকেই তারা নিজেদের আবার দাঁড় করিয়ে জনগণের সেবায় নিয়োজিত হয়েছে। তাই, আরটিভির এই দশম বর্ষে পদার্পণ আমার কাছে অত্যন্ত আনন্দের এবং এর সঙ্গে যারা সম্পৃক্ত আছেন তাদের প্রত্যেককে আমি আন্তরিকভাবে অভিনন্দন জানাচ্ছি।

রামেন্দু মজুমদার
আরটিভির দশমবর্ষে পদার্পণ উপলক্ষে এই প্রতিষ্ঠানের সর্বস্তরের কর্মী, দর্শক, বিজ্ঞাপনদাতা এবং শুভানুধ্যায়ী সবাইকে আমি আন্তরিক অভিনন্দন জানাই। গত নয় বছরে আরটিভি একটা জায়গায় পৌঁছেছে, কিন্তু দর্শকের প্রত্যাশা ক্রমেই বাড়ছে। সুতরাং আগামীতে দর্শকের প্রত্যাশা পূরণ করতে আরটিভিকে কঠিন চ্যালেঞ্জ গ্রহণ করতে হবে এবং সেটা করতে হবে অনুষ্ঠানের মানের মধ্য দিয়ে। সবধরনের দর্শককে তৃপ্ত করতে পারে এমন অনুষ্ঠান নির্মাণ করার লক্ষ্যে আরটিভিকে নিরলস কাজ করে যেতে হবে।

রাশেদা কে. চৌধুরী
আরটিভির দশ বছরে পদার্পণ উপলক্ষে অনেক অনেক শুভেচ্ছা। আরটিভি প্রতিবছর আন্তর্জাতিক নারী দিবসে **'আলোকিত নারী'** সম্মাননা দিয়ে থাকে। শুধু নারীর ক্ষমতায়নের দিকে লক্ষ্য রেখে নয়, নারীর প্রত্যাশা, নারীর সামনে চলার যতটুকু প্রতিশ্রুতির জায়গা রয়েছে সেখান থেকে-অঙ্গীকারের জায়গা থেকে আরটিভি সেটা পূরণ করে থাকে। আগামীতে আরো বেশি করে বিভিন্ন সেক্টরে নারীদেরকে সম্মাননা জানাবে, এটাই আরটিভি'র কাছে আমার প্রত্যাশা। আরটিভি আরো এগিয়ে যাক এবং অনেককে সামনে এগিয়ে যাওয়ার পথ দেখাক।

গীতি আরা সাফিয়া চৌধুরী
প্রথমেই আমি আরটিভিকে এবং আরটিভির সবাইকে আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি। ভাবতে ভাল লাগে যে, আরটিভি দেখতে দেখতে ন'বছর কাটিয়ে দশ বছরে পা রাখছে। তারা আমাদেরকে এত সুন্দর সুন্দর প্রোগ্রাম দিয়েছেন, আমরা এগুলো উপভোগ করেছি, অনেক কিছু শিখেছি, অনেক কিছু জেনেছি। আমি আশা করছি যে, এই নয় বছরের যে অভিজ্ঞতাটা ওনাদের হয়েছে সেটা থেকে আরও সুন্দর সুন্দর প্রোগ্রাম আমাদেরকে ভবিষ্যতে দেখাবেন। আপনাদের জন্য আবারও শুভ কামনা রইল। আশা করছি আপনারা আরো অনেক দূর এগিয়ে যাবেন। অনেক ধন্যবাদ, অনেক শুভেচ্ছা।

ফেরদৌসী রহমান
আরটিভি'র দশম বর্ষে পদার্পণে আমার পক্ষ থেকে অনেক অনেক শুভেচ্ছা এবং শুভকামনা। এই শুভক্ষণে আরটিভি কর্তৃপক্ষ, সকল কর্মকর্তা, কলাকুশলী, দর্শক এবং আরটিভির সঙ্গে যুক্ত সকলকে অভিনন্দন। আমি এই চ্যানেলটির উত্তরোত্তর সাফল্য ও সমৃদ্ধি কামনা করছি। দিনে দিনে চ্যানেলটির আরো উৎকর্ষ সাধন হোক, গতানুগতিক ধারার বাইরে নতুন নতুন অনুষ্ঠান পরিকল্পনার মাধ্যমে চ্যানেলটি অন্যান্য চানেলের কাছে অনুকরণীয় হয়ে উঠুক এবং দর্শকদের চাহিদা ও প্রত্যাশা পুরণে সফল হোক, এই প্রত্যাশা করছি।

সৈয়দ মনজুরুল ইসলাম
বিজয়ের মাসে আরটিভি দশম বর্ষে পদার্পণ করছে, এটি অত্যন্ত আনন্দের খবর। আমি মনে করি, এই টেলিভিশন চ্যানেলটির অনেক কিছু দেয়ার আছে দেশের মানুষকে। দেশের মানুষকে জাগাবার এবং স্বাধীনতার চিন্তায় উদ্বুদ্ধ করার জন্য যে কাজগুলি করা প্রয়োজন সেটি আরটিভি করে আসছে। আরটিভি একটি পরিপূর্ণ চ্যানেল হিসেবে দাঁড়িয়েছে। আমি আশা করি, আগামীতেও আরটিভি তার অগ্রযাত্রা অব্যাহত রাখবে এবং এই চ্যানেলটি মানুষের মনে একটি চিরস্থায়ী দাগ কেটে নেবে। আরটিভি'র প্রতি আমার অভিনন্দন এবং শুভেচ্ছা।

আতাউর রহমান
আরটিভি আমার একটি অত্যন্ত প্রিয় টেলিভিশন চ্যানেল। কারণ, প্রিয় এই জন্যে ওরা আমাদেরকে খুব ভালবাসে। আমিও এই চ্যানেলকে ভালবাসি এবং ভালবাসি আরেকটি কারণে, একক নাটক যেগুলো প্রচারিত হয় সেগুলো আমার দেখার সৌভাগ্য হয়েছে। হয়ত আমি 'আরটিভি স্টার এ্যাওয়ার্ড' জুড়িবোর্ডে ছিলাম বলে। তো দেখলাম যে খুব গুরুত্ব দিয়ে আরটিভি ভাল ভাল নাটক সম্প্রচার করে। আরটিভিকে অভিনন্দন জ্ঞাপন করছি। তার নিরন্তর অগ্রযাত্রা যেন বহাল থাকে এইটাই আমার প্রত্যাশা।

সৈয়দ আশিক রহমান
প্রধান নির্বাহী কর্মকর্তা
ন্যাশনাল টেলিভিশন লিমিটেড (আরটিভি)

শুভেচ্ছা

'আজ এবং আগামীর' স্লোগানকে মূলমন্ত্র বিবেচনা করে ন্যাশনাল টেলিভিশন লিমিটেড-আরটিভি আজ দশম বর্ষে পদার্পণ করলো। এই দীর্ঘ পথচলায় আমরা কৃতজ্ঞচিত্তে স্মরণ করছি সম্মানীত দর্শকবৃন্দ, সংবাদকর্মী, অনুষ্ঠান নির্মাতা, শিল্পী, কলাকুশলী, কেবল অপারেটর, বিজ্ঞাপনদাতা, দেশ-বিদেশের শুভানুধ্যায়ীসহ সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিবৃন্দকে, যাদের অব্যাহত শুভকমনা ও কর্ম তৎপরতা আমাদেরকে এই দীর্ঘ পথচলায় সাহস জুগিয়েছে।

আরটিভি পরিবার সবসময় মনে করে, একটি কল্যাণকামী রাষ্ট্র বিনির্মাণে বেসরকারি স্যাটেলাইট টেলিভিশন ব্যাপক ভূমিকা রাখতে পারে। টেলিভিশনকে শুধু বিনোদনের মাধ্যম হিসেবে ব্যবহার করলে চলবে না, টেলিভিশনকে হতে হবে কল্যাণমূখী জনমত গঠন ও জনসচেতনতার একটি অবলম্বন হিসেবে। উল্লেখিত প্রতিটি বক্তব্যই আমাদের অঙ্গীকার। আর, এই অঙ্গীকার বাস্তবায়ণে আমরা সবসময় আপনাদের পরামর্শ, অনুপ্রেরণা ও সাহস পেয়েছি। আপনাদের প্রেরণায় আমরা আরটিভিকে গড়ে তুলতে চাই সকল শ্রেণি-পেশা এবং সকল বয়সী দর্শকদের উপযোগী করে।

আমরা আশা করি ভবিষ্যতে আপনারা আমাদের সাথে থেকে মূল্যবান দিকনির্দেশনা দিয়ে আরটিভিকে আপনাদের প্রিয় চ্যানেল হিসেবে প্রতিষ্ঠা করতে সহায়তা করবেন।

সৈয়দ আশিক রহমান

হুমায়ুন কবির বাবলু
ব্যবস্থাপনা পরিচালক
ন্যাশনাল টেলিভিশন লিমিটেড (আরটিভি)

শুভেচ্ছা

ন্যাশনাল টেলিভিশন লিমিটেড-আরটিভির দশম বর্ষে পদার্পণ উপলক্ষে সম্মানীত দর্শকবৃন্দ, সংবাদকর্মী, অনুষ্ঠান নির্মাতা, কলাকুশলী, কেবল অপারেটর, বিজ্ঞাপনদাতা, দেশ-বিদেশের শুভানুধ্যায়ীসহ সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিবৃন্দকে জানাই আন্তরিক অভিনন্দন।

স্যাটেলাইট টেলিভিশনের কল্যাণে সমগ্র বিশ্ব আজ আমাদের ঘরে ঘরে পৌঁছে গিয়েছে। আমরা নিজেকে যেমন উপস্থাপন করছি বিশ্বের কাছে, তেমনি বিশ্বের সবকিছু ধরা দিচ্ছে আমাদের সামনে, এই টেলিভিশনের মাধ্যমে। আমাদের চ্যালেঞ্জ হলো, বাঙালির হাজার বছরের সংস্কৃতিকে আন্তর্জাতিক পরিমন্ডলে তুলে ধরতে হবে মান সম্পন্ন অনুষ্ঠান ও সংবাদের মাধ্যমে। আরটিভি এই চ্যালেঞ্জ মোকাবেলায় সবসময় সচেষ্ট এবং আন্তরিক।

আরটিভির দশম বর্ষে পদার্পণের শুভলগ্নে আমরা অঙ্গীকার করছি, আরটিভি প্রতিনিয়ত চেষ্টা করে যাবে সম্মানীত দর্শকদের নান্দনিক চাহিদা পূরণে।

হুমায়ুন কবির বাবলু

মোঃ জসিম উদ্দিন
ভাইস-চেয়ারম্যান
ন্যাশনাল টেলিভিশন লিমিটেড (আরটিভি)

শুভেচ্ছা

ন্যাশনাল টেলিভিশন লিমিটেড-আরটিভি আজ দশম বর্ষে পদার্পণ করলো। এই শুভক্ষণে আমি সম্মানীত দর্শকবৃন্দ, পরিচালনা পর্ষদ, সাংবাদকর্মী, অনুষ্ঠান নির্মাতা, কলাকুশলী, কেবল অপারেটর, বিজ্ঞাপনদাতা, দেশ-বিদেশের শুভানুধ্যায়ীসহ সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিবৃন্দকে আমার আন্তরিক শুভেচ্ছা জানাই।

এই দীর্ঘ পথ চলায় আপনাদের আনুকূল্য ও উপদেশ আমাদের অনুপ্রেরণা ও সাহস জুগিয়েছে। সেজন্য আমরা আপনাদের প্রতি কৃতজ্ঞ।

দশম বর্ষে পদার্পণের এই মাহেন্দ্রক্ষণে আমরা অঙ্গীকার করছি, আরটিভিকে আমরা গড়ে তুলবো সকল শ্রেণির দর্শকদের প্রিয় একটি চ্যানেল হিসেবে - যার কেন্দ্রে থাকবে মুক্তিযুদ্ধের চেতনা ও হাজার বছরের বাঙালি সাংস্কৃতিক ঐতিহ্য।

পরিশেষে, সকল দর্শক, শুভানুধ্যায়ী, বিজ্ঞাপনদাতা, লেখক, নির্দেশক, শিল্পী, কলাকুশলী, কেবল অপারেটরসহ সবাইকে জানাই প্রতিষ্ঠা বার্ষিকীর শুভেচ্ছা।

মোঃ জসিম উদ্দিন